
# জাফরুল্লাহ চৌধুরী ও গণস্বাস্থ্য কেন্দ্র পাচ্ছে স্বাধীনতা পদক ২০২৬




বীর মুক্তিযোদ্ধা ও গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী ও গণস্বাস্থ্য কেন্দ্র। ছবি: সংগৃহীত

সমাজ ও জনসেবায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ‘স্বাধীনতা পুরস্কার-২০২৬’ এ নির্বাচিত হয়েছেন বীর মুক্তিযোদ্ধা ও গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী (মরণোত্তর) এবং প্রতিষ্ঠানটি।

বৃহস্পতিবার (৫ মার্চ) মন্ত্রিপরিষদ বিভাগের প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, জাতীয় পর্যায়ে ১৫ জন ব্যক্তি ও ৫টি প্রতিষ্ঠানকে এই বছর পুরস্কৃত করা হবে। সমাজসেবা/জনসেবা ক্ষেত্রে মনোনীত হয়েছেন ডা. জাফরুল্লাহ চৌধুরী এবং প্রতিষ্ঠান হিসেবে গণস্বাস্থ্য কেন্দ্র।

গণস্বাস্থ্য কেন্দ্র ১৯৭৭ সালে প্রথমবার স্বাধীনতা পুরস্কার পায় এবং ২০২৬ সালে সমাজ ও জনসেবায় অসামান্য অবদানের জন্য দ্বিতীয়বার এই সম্মান অর্জন করল।

LENS ASIA